

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৫৫

আমবাসা, ৩০ অক্টোবর, ২০২৩

৯ নভেম্বর থেকে আমবাসায় রাজ্যভিত্তিক যোগা প্রতিযোগিতা

রাজ্যভিত্তিক অনুর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছরের বালক ও বালিকা বিভাগের যোগা প্রতিযোগিতা আগামী ৯ নভেম্বর থেকে আমবাসা পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হবে। চলবে ১১ নভেম্বর পর্যন্ত। এই যোগা প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে ২৫০ জন বালক ও বালিকা অংশ নেবে। সম্প্রতি ধলাই জিলা পরিষদের সভাকক্ষে ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকারের সভাপতিতে অনুষ্ঠিত এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় জিলা পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মৃদুল দত্ত, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা বিভাবসু গোস্বামী, যোগা প্রশিক্ষক ও শারীরশিক্ষকগণ উপস্থিত ছিলেন। এই যোগা প্রতিযোগিতাকে সুষ্ঠু ও শাস্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি পরিচালন কমিটি ও ৮টি উপকমিটি গঠন করা হয়েছে। পরিচালন কমিটির চেয়ারম্যান ও অর্গানাইজিং সেক্রেটারি মনোনীত হয়েছেন যথাক্রমে ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা বিভাবসু গোস্বামী।
